

# প্রথম আলো

তারিখ - ১১ সেপ্টেম্বর ১৯৬৩  
পৃষ্ঠা - ৩০

## ছাত্র ও ছাত্রীদের পাসের হার প্রায় সমান

বিশেষ প্রতিনিধি

দেশের সাতটি শিক্ষা বোর্ডের মধ্যে ঢাকা, রাজশাহী, যশোর ও চট্টগ্রাম শিক্ষা বোর্ডে ছাত্রী ও ছাত্রদের পাসের হার প্রায় সমান। এদিকে যেটি পরীক্ষার্থীর মধ্যে ছাত্রদের সংখ্যা ছাত্রীদের চেয়ে কিছু বেশি। রাজশাহী বোর্ডে ছাত্রীরা পাস করেছেন ৭২ দশমিক ২০ শতাংশ। কিন্তু ছাত্রদের পাসের হার ৭১ দশমিক ৫৮ শতাংশ। ঢাকা বোর্ডে ছাত্রীরা পাস করেছেন ৮২ দশমিক ৬২ শতাংশ, ছাত্রদের পাসের হার ৮২ দশমিক শূন্য ৪। যশোর বোর্ডে ছাত্রদের পাসের হার ৭২ দশমিক ৪১ শতাংশ এবং ছাত্রীদের পাসের হার ৭২ দশমিক শূন্য ৩ শতাংশ। চট্টগ্রাম বোর্ডে ছেলেদের পাসের হার ৬৮ দশমিক ৬৩ শতাংশ এবং মেয়েদের পাসের হার ৬৭ দশমিক ২১ শতাংশ।

আবার বরিশাল ও সিলেট বোর্ডে পাসের হার তুলনামূলক কম হলেও ছাত্রীদের সংখ্যা প্রায় ছাত্রদের সমান। বরিশাল বোর্ডে ছাত্রসংখ্যা ১৬ হাজার ২২৩, ছাত্রদের পাসের হার ৬৭ দশমিক ৩৫ শতাংশ এবং ছাত্রীসংখ্যা ১৫ হাজার ৫৭৩, ছাত্রীদের পাসের হার ৬৩ দশমিক ১৩ শতাংশ। অন্যদিকে সিলেট বোর্ডে ছাত্রসংখ্যা নয় হাজার ৬৫৩, ছাত্রদের পাসের হার ৭৩ দশমিক ৪২ শতাংশ এবং ছাত্রীসংখ্যা ৯ হাজার ৬৫৩, ছাত্রীদের পাসের হার ৬৩ দশমিক ১৩ শতাংশ।